

স্কুল-কলেজের সব শিক্ষককে আইটি দক্ষতা অর্জন করতে হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী মুরুল ইসলাম মাহিদ বলেছেন, ডিজিটাল কন্টেন্ট ও মাল্টিমিডিয়া প্রদর্শন পদ্ধতি দেশের শিক্ষা ব্যবস্থায় গণগত পরিবর্তন আনছে। ওয়াল্ট ডিসনির শিক্ষক নয়, প্রতিটি স্কুল-কলেজের সব শিক্ষককে আইটি দক্ষতা অর্জন করতে হবে।

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকা টিচার ট্রেনিং কেন্দ্রে মিলনায়তনে শিক্ষক কর্তৃক তৈরিকৃত প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক তপের সাধারণ, কারিগরি ও মন্ত্রনায় শিক্ষার বিষয়ভিত্তিক ডিজিটাল কন্টেন্ট পোর্টাল শিক্ষক বাতায়ন (টিইবপসবং মডালস) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। তিনি জানান, শিক্ষক বাতায়ন বাতায়নে শিক্ষা মন্ত্রণালয়ে এটিআই ও ব্রিটিশ কাউন্সিল সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করছে। এটিআই প্রকল্পের পরিচালক ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) কবির বিন আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষাসচিব কামাল আব্দুল নাসের চৌধুরী, তথা ও যোগাযোগ প্রণালী

সচিব মুরুল ইসলাম খান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর হাফিজা খাতুন, ব্রিটিশ কাউন্সিলের ডিরেক্টর জিওনাম ডিওয়েল ইনিক ফ্রেন্ডেল্টার, ইউএনডিপি'র সহকারী কন্স্ট্রাক্টর জেনারেল কেএম মোশাদ, প্রফেসর আবুল কালাম আজাদ প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বিগত চার বছরে সরকার শিক্ষা ক্ষেত্রে অনেক যুগান্তকারী পরিবর্তন সাধন করেছে। শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ ছাত্রদের অন্যতম। এখন শিক্ষা প্রশাসন, ভর্তি, রেজিস্ট্রেশন, পরীক্ষার ফল প্রকাশ, পুনঃনির্বাচনসহ যাবতীয় কাজ অনলাইনে করা হচ্ছে। এর মাধ্যমে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সবাই সুবিধা গ্রহণ করছে।

শিক্ষামন্ত্রী বলেন, আগামী কয়েক বছরে সবাই আইটি দক্ষতা ছাড়া কোন শিক্ষক পদে পঠদান চালাতে পারবেন না। শিক্ষকের নতুন নতুন ডিজিটাল কন্টেন্ট তৈরি করতে হবে, ত্রুণ করতে হবে, ইন্টারনেট ব্রাউজ করে উপযোগী তথ্য ছপি ই-জার্নাল সংগ্রহ করে পঠদানকে আরও আকর্ষণীয় করে তুলতে হবে।